দৈনিক বাংলা

তারিখ 01 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ১

92 ১

১৫ জন ছাত্র সিন্ডিকেটের সিদ্ধান্ত মানবে না

# ঢাকা ভার্সিটি ছাত্রছাত্রীদের হল ত্যাগ ঃ ক্যাম্পাস নিস্তব্ধ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা গতকাল হল ছেড়ে চলে গেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী ছাত্রছাত্রীরা সকাল আটটার মধ্যেই হল খালি করে চলে যায়।

জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (শা-অ) মধ্যে মঙ্গলবারের সশস্ত্র সংঘাতের পর কর্তৃপক্ষ গতকাল সকাল আটটার মধ্যে ছাত্রছাত্রীদের হল ছাড়ার নির্দেশ দেন।

গতকাল সকাল থেকে যথারীতি ক্যাম্পাসে পুলিশ মোতায়েন ছিল। বিশ্ববিদ্যালয় এলাকায় পুলিশ গতকালও যানবাহন প্রবেশে বাধা দেয়। ফলে ছাত্রছাত্রীরা চলে যাওয়ার পর বিশ্ববিদ্যালয় এলাকা ছিল নির্জন, নিস্তব্ধ। মধুর ক্যান্টিন ছিল ফাঁকা। বিকালে টিএসসিতে জনসমাগমও ছিল অন্যদিনের তুলনায় অনেক কম।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি সিন্ডিকেট

(প্রথম পৃষ্ঠার পর)

বানে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনকল্পে সমস্ত কর্মসূচী ১৫ দিন স্থগিত রাখে, কিন্তু তদন্ত কমিশন রিপোর্টে দোষী সাব্যস্ত বিতর্কিত ভাইস চ্যান্সেলর বিশেষ মহলের স্বার্থ রক্ষার্থে প্ররোচিত হয়ে ২রা আগস্ট শুক্রবার ছুটির দিন সম্পূর্ণ ব্যতিক্রমী কায়দায় সিন্ডিকেটের সভা আহবান করেছেন যা পুনরায় সংকট সৃষ্টি করবে।

তারা এব্যাপারে সরকার ও প্রশাসনের প্রতি ভাইস চ্যান্সেলরকে এ ধরনের সভা অনুষ্ঠান থেকে বিরত থাকার নির্দেশ প্রদানের অনুরোধ জানিয়েছেন। অন্যথায় পরিস্থিতির অবনতি ঘটলে সংশ্লিষ্ট মহল দায়ী থাকবেন বলে তারা উল্লেখ করেন।